

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২৫৮

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - সমষ্টিগতভাবে মর্যাদা ও বৈশিষ্ট্য

اَلْفَصْلُ التَّالِثُ (بَابِ جَامِعِ المناقب)

## আরবী

وَعَنْ بُرَيْدَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ اللَّهَ تَبَارَكَ وَتَعَالَى أَمرنِي بِحُبِّ أَرْبَعَةٍ وَأَخْبَرَنِي أَنَّهُ يُحِبُّهُمْ» . قِيلَ يَا رَسُولَ اللَّهِ سَمِّهِمْ لَنَا قَالَ: «عَلِيٌّ مِنْهُمْ» يَقُولُ نَلِثَا «وَأَبُو ذَرِّ وَالْمِقْدَادُ وَسَلْمَانُ أَمرنِي بحبِّهِم وَأَخْبرنِي أَنه يحبُّهم» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ

اسناده حسن ، رواه الترمذى (3718) [و ابن ماجم (149)] \* شريك القاضى صرح بالسماع عند احمد (5 / 351 ح 22968) و حديثه حسن اذا صرح بالسماع و حدث قبل اختلاطه

#### বাংলা

৬২৫৮-[৬৩] বুরয়দাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাস্লুল্লাহ (সা.) বলেছেন: চার ব্যক্তির সাথে ভালোবাসার জন্য সুমহান বরকতময় আল্লাহ তা'আলা আমাকে নির্দেশ করেছেন। আমাকে এটাও জানিয়েছেন য়ে, তিনিও তাদেরকে ভালোবাসেন। প্রশ্ন করা হলো, হে আল্লাহর রাসূল! (অনুগ্রহপূর্বক) আমাদেরকে তাদের নামগুলো বলে দিন। তিনি বললেন, তাঁদের মধ্যে 'আলীও রয়েছেন। এ কথাটি তিনি (সা.) তিনবার বললেন এবং (বাকি তিনজন হলেন) আবূ যার, মিক্বদাদ ও সালমান। তাদেরকে ভালোবাসার জন্য আমাকে তিনি হুকুম করেছেন এবং আমাকে এ সংবাদও দিয়েছেন য়ে, তিনি তাঁদেরকে ভালোবাসেন। [ইমাম তিরমিয়ী (রহিমাহ্লাহ) হাদীসটি বর্ণনা করেছেন এবং তিনি বলেছেন, হাদীসটি হাসান গরীব]

# ফুটনোট

যঈফ: তিরমিয়ী ৩৭১৮, ইবনু মাজাহ ১৪৯, য'ঈফ ইবনু মাজাহ ২৮, য'ঈফুল জামি ১৫৬৬; হাদীসটি য'ঈফ



হওয়ার কারণ সনদে শারীক যঈফ, দেখুন- সিলসিলাতু য'ঈফাহ্ ১৫৪৯।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (يَكْبَ أَرْبَعَةِ) বিশেষভাবে ভালোবাসার জন্য। (يَا رَسُولَ النَّهِ سَمِّهِمْ لَنَا) যাতে আল্লাহ ও তদীয় রাসূল (সা.) -এর ভালোবাসার কারণে আমরাও তাদেরকে ভালোবাসতে পারি। (يَقُولُ ذَلِكَ تُلَاثًا) এ কথা স্মরণ করিয়ে দেয়ার জন্য যে, তিনি তাদের মধ্যে সর্বাধিক উত্তম। অথবা তিনি তাকে তাদের তিনজনের সমপরিমাণে ভালোবাসতেন। (মিরক্লাতুল মাফাতীহ)

সুবহা-নাল্লহ তাদের কী মর্যাদা যে, আল্লাহ নিজে তাদের ভালোবাসেন এবং তাঁর হাবীবকে ভালোবাসার জন্য নির্দেশ দিয়েছেন। (মিশকাতুল মাসাবীহ - মুম্বাই ছাপা, ৫ম খণ্ড, পূ. ২৮৪)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ বুরায়দাহ ইবনু হুসাইব আল-আসলামী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন